আট বিভাগে আবারও তাফসির মাহফিলের ঘোষণা আজহারির



মিজানুর রহমান আজহারী। ছবি: সংগৃহীত

এক বছর বিরতির পর দেশের আট বিভাগে আবারও তাফসিরুল কোরআন মাহফিল আয়োজনের ঘোষণা দিয়েছেন ইসলামিক স্কলার শায়খ মিজানুর রহমান আজহারি। বুধবার (২৫ নভেম্বর) সন্ধ্যা ৬টা ৩৮ মিনিটে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে এ ঘোষণা দেন তিনি। পোস্টে আজহারি জানান, শিগগিরই আট বিভাগে তার আউটডোর তাফসিরুল কোরআন মাহফিল অনুষ্ঠিত হবে।

মাহফিলগুলো সফল করতে সবার সহযোগিতা চেয়ে তিনি বলেন, এসব আয়োজন বাংলাদেশের ধর্মীয় ও সামাজিক ঐতিহ্যের অংশ। আয়োজনে সুশৃঙ্খল উপস্থিতি, ধর্মীয় শিষ্টাচার বজায় রাখা এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সহযোগিতা করা সবার দায়িত্ব। কোনো ধরনের বিশৃঙ্খলা যেন আয়োজনের উদ্দেশ্য ব্যাহত না করে, সে আহ্বানও জানান তিনি।

আজহারি বলেন, মাহফিলের সার্থকতা শুধু মানুষের উপস্থিতিতে নয়; কোরআন ও সুন্নাহর শিক্ষা চিন্তা, চরিত্র ও কাজে ধারণ করার মধ্যেই এর প্রকৃত উদ্দেশ্য। এসব শিক্ষা ব্যক্তি, পরিবার ও সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে পারে।

কোরআনের শিক্ষা জীবন বদলের মাধ্যম হওয়া উচিত উল্লেখ করে তিনি শিগগিরই শ্রোতাদের নিজ নিজ শহরে দেখা হওয়ার আশাবাদ জানান।